# Times Today BD

সিনিয়র রিপোর্টার | ঢাকা | 22 April, 2025

অবশেষে দীর্ঘ ৪ ঘণ্টা পর স্বস্তি ফিরেছে সায়েন্সল্যাবে।দুপুরে শুরু হওয়া ঢাকা কলেজ ও সিটি কলেজের শিক্ষার্থীদের সংঘর্ষ শেষে বিকেল ৪টার পর পরিস্থিতি স্বাভাবিক হয়েছে।এরপর যানচলাচল শুরু হয়েছে মিরপুর সড়কে।

মঙ্গলবার (২২ এপ্রিল) বিকেল সোয়া চারটার দিকে এমন চিত্র দেখা গেছে।

এর আগে, বেলা পৌনে ১২টার দিকে অপ্রত্যাশিতভাবে দুই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে সংঘাতের সূত্রপাত হয়।কয়েক দফা ধাওয়া-পাল্টা ধাওয়ার পর মুহূর্তেই রণক্ষেত্রে পরিণত হয় পুরো এলাকা।এ সময় উভয় কলেজের বেশ কয়েকজন শিক্ষার্থী আহত হন।পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং উভয় কলেজের শিক্ষকরা দফায়-দফায় চেষ্টা চালান।তাদের সম্মিলিত প্রচেষ্টায় সবশেষ বিকেল ৪টায় পরিস্থিতি স্বাভাবিক হয়েছে।

বিষয়টি নিয়ে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মাসুদ আলম বলেন, গতকালের একটি ঘটনার ভুল বোঝাবুঝির পরিপ্রেক্ষিতেই আজকের সংঘর্ষের সূত্রপাত হয়েছে। গতকাল ঢাকা কলেজের একজন শিক্ষার্থীকে সায়েন্সল্যাব এলাকায় মারধর করা হয়েছে। ঢাকা কলেজ শিক্ষার্থীরা মনে করেছেন এর সঙ্গে সিটি কলেজের শিক্ষার্থীরা জড়িত। সেই ঘটনার জেরেই আজকে সংঘর্ষের সূত্রপাত হয়েছে।

পুলিশের এই কর্মকর্তা আরও বলেন, এখন পরিস্থিতি শান্ত।দুটি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরাই তাদের ক্যাম্পাসে ফিরে গিয়েছেন।আমরা তাদেরকে সংঘর্ষ থেকে নিভৃত করেছি। তবে এখনই পুলিশ প্রটোকল উঠিয়ে নেওয়া হবে না। পরিস্থিতি পুরোপুরি স্বাভাবিক না হওয়া পর্যন্ত পুরো এলাকাজুড়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা কাজ করে যাবেন।

এদিকে সংঘর্ষের ঘটনায় বেশ কয়েকজন পুলিশ সদস্য আহত হয়েছেন বলেও জানান তিনি।

ঢাকা সিটি সংঘর্ষ ছাত্র আন্দোলন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 13 June, 2025 06:45

URL: https://timestodaybd.com/public/dhaka/1258775807